

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২১

১/ বিবিধ

আরবী

من قام ليلتي العيدين محتسبا لله، لم يمت قلبه يوم تموت القلوب
ضعيف جدا

أخرجه ابن ماجة (1 / 542) عن بقية بن الوليد عن ثور بن يزيد عن خالد بن معدان عن أبي أمامة مرفوعا. قال في " الزوائد " : " إسناده ضعيف لتدليس بقية " . وقال العراقي في " تخريج الإحياء " (1 / 328) : " إسناده ضعيف " . قلت: بقية سيء التدليس، فإنه يروي عن الكذابين عن الثقات ثم يسقطهم من بينه وبين الثقات ويدلس عنهم! فلا يبعد أن يكون شيخه الذي أسقطه في هذا الحديث من أولئك الكذابين، فقد قال ابن القيم في هديه صلى الله عليه وسلم ليلة النحر من المناسك (1 / 212) : " ثم نام حتى أصبح، ولم يحي تلك الليلة، ولا صح عنه في إحياء ليلتي العيدين شيء " . ثم رأيت الحديث من رواية عمر بن هارون الكذاب، والمذكور في الحديث السابق، يرويه عن ثور بن يزيد به.

فلا أستبعد أن يكون هو الذي تلقاه بقية عنه ثم دلسه وأسقطه. وسيأتي تخريج حديثه فيما بعد إن شاء الله تعالى برقم (5163)

বাংলা

৫২১। যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি এবং ছাওয়াবের প্রত্যাশায় ঈদুল ফিতর এবং ঈদুল আযহার রাত্রি জাগরণ করবে, সে ব্যক্তির হৃদয় ঐদিন মৃত্যু বরণ করবে না যেদিন অন্য হৃদয়গুলো মৃত্যু বরণ করবে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু মাজাহ (১/৫৪২) বাকিয়াহ ইবনুল ওয়ালীদ সূত্রে ... আবু উমামা (রাঃ) হতে বর্ণনা করেছেন।

হাদীছটির সনদ দুর্বল বাকিয়াহ কর্তৃক তাদলীসের কারণে। হাফিয ইরাকী "তাখরযুল ইহইয়া" (১/৩২৮) গ্রন্থে বলেনঃ সনদটি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বাকিয়াহ তাদলীসের ব্যাপারে মন্দ ব্যক্তি। কারণ তিনি মিথ্যুকদের মাধ্যমে নির্ভরযোগ্যদের থেকে বর্ণনা করতেন। অতঃপর তার এবং নির্ভরযোগ্যদের মাঝের মিথ্যুকদেরকে ফেলে দিয়ে তাদলীস করতেন। তিনি তার যে শাইখকে সনদ হতে ফেলে দিয়েছেন তিনিই যে সেই সব মিথ্যুক শাইখদের একজন তা কোন দূরবর্তী কথা নয়।

আমি মিথ্যুক উমর ইবনু হারুণের বর্ণনাতে হাদীছটি দেখেছি যা পূর্বের হাদীছে উল্লেখ করা হয়েছে। তিনি ছাওর ইবনু ইয়াযীদ হতে বর্ণনা করেছেন। দোষ গোপন করণার্থে বাকিয়াহই যে তার শাইখকে ফেলে দিয়ে ছাওর হতে বর্ণনা করেছেন এটি কোন অসম্ভবমূলক কথা নয়। তার হাদীছের তাখরীজ ইনশাআল্লাহ ৫১৬৩ নং হাদীছে আসবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71400>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন